ঢাকার আন্দোলন-বিক্ষোভ নিয়ে মেহের আফরোজ শাওনের ব্যঙ্গাত্মক মন্তব্য

written by Chandradip News24 | November 26, 2024

প্রতিদিন ঢাকার কোনো না কোনো স্থানে আন্দোলন-বিক্ষোভ সাধারণ মানুষের ভোগান্তির কারণ হয়ে দাঁড়ায়। সড়ক অবরোধ, ভাঙচুর, কিংবা লাঠি মিছিল—এসব ঘটনার কারণে নগরজীবন প্রায়শই অচল হয়ে পড়ে। বিষয়টি নিয়ে ব্যঙ্গ করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে মন্তব্য করেছেন অভিনেত্রী ও নির্মাতা মেহের আফরোজ শাওন।

সোমবার (২৫ নভেম্বর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে তিনি লেখেন, “আজকে কি কোথাও কর্মসূচি, আন্দোলন, বিক্ষোভ নাই? ফেসবুকে কোনো সাড়াশব্দ পাচ্ছি না!”

শাওন আন্দোলন-আপডেটের একটি অ্যাপ তৈরির দাবিও জানিয়েছেন। তিনি বলেন, “ট্রাফিক আপডেট ‘ঢাকার চাকা’র মতো আন্দোলন আপডেটের একটি অ্যাপ তৈরি করার দাবি জানাচ্ছি।”

তার পোস্টে একজন মন্তব্য করে আন্দোলনের সারা দিনের পরিস্থিতি মজার ছলে তুলে ধরেন। এতে উঠে আসে, মাহবুবুর রহমান কলেজে ভাঙচুর, আগারগাঁওয়ে অটোরিকশাচালকদের দখল, এবং চন্দ্রা-নবীনগর সড়কে শ্রমিকদের আন্দোলনের কথা। এর জবাবে মেহের আফরোজ শাওন বলেন, “যাক বাবা মনটা শান্ত হলো! আন্দোলন ছাড়া দিনটা গেলে মনে হয় কি যেন নাই!”

এদিকে, আজ সকাল থেকেই ঢাকার বিভিন্ন সড়কে ব্যাটারিচালিত রিকশাচালকদের অবস্থান এবং ছাত্রদের মিছিলের কারণে যানজট চরম আকার ধারণ করেছে। সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজে হামলা ও ভাঙচুরের প্রতিবাদে ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ অভিমুখে লাঠি হাতে লংমার্চ করেছে কবি নজরুল সরকারি কলেজ ও সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থীরা। এ সময় মুখোমুখি অবস্থান নেয়া শিক্ষার্থীদের কারণে ঢাকা-সিলেট মহাসড়কে যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হয়।

1. মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম